

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৪.২.৩০. শতগুণ পিতামাতা, ভাইবোন, স্ত্রীপুত্র ও সম্পদ লাভ!

মার্ক ১০/২৯-৩০, মো.-১৩: “ঈসা বললেন, আমি তোমাদেরকে সত্যি বলছি, এমন কেউ নেই, যে আমার জন্য ও সুসমাচারের জন্য তার বাড়ি বা ভাই-বোন বা পিতা-মাতা বা সন্তান-সন্ততি (স্ত্রী বা সন্তানসন্ততি)[1] জায়গা-জমি ত্যাগ করেছে, কিন্তু এখন ইহকালে তার শতগুণ না পাবে; সে বাড়ি, ভাই-বোন, মা, সন্তান-সন্ততি ও জায়গা-জমি, নির্যাতনের সঙ্গে এ সব পাবে এবং আগামী যুগে অনন্ত জীবন পাবে।”

লুক যীশুর এ বক্তব্য উদ্ধৃত করে বলেন: “আমি তোমাদেরকে সত্যি বলছি, এমন কেউ নেই, যে আল্লাহর রাজ্যের জন্য নিজের বাড়ি বা স্ত্রী বা ভাই-বোন বা পিতা-মাতা বা সন্তান-সন্ততি ত্যাগ করলে (There is no man that hath left house, or parents, or brethren, or wife, or children) ইহকালে তার বহুগুণ এবং আগামী যুগে অনন্ত জীবন না পাবে।” (লুক ১৮/২৯-৩০, মো.-১৩)

এ কথাটা ভুল। কারণ বাস্তবে যীশুর কোনো সাহাবী, শিষ্য বা অনুসারী এভাবে যীশুর জন্য এক স্ত্রী পরিত্যাগ করে ইহকালেই বহু স্ত্রী বা ১০০ স্ত্রী পেয়েছেন বলে প্রমাণ নেই। এজন্য বাস্তবতার প্রমাণে কথাটা ভুল। এছাড়া কোনো মানুষ ঈশ্বরের রাজ্যের জন্য, যীশুর জন্য বা ইঞ্জিলের জন্য তার একটা স্ত্রী ত্যাগ করলে সে কখনোই ইহকালে বহু স্ত্রী বা ১০০ স্ত্রী পেতে পারে না; কেননা খ্রিষ্টধর্মে একাধিক বিবাহই বৈধ নয়। আর যদি একথার অর্থ হয় যে, কেউ এ উদ্দেশ্যে তার স্ত্রীকে ত্যাগ করলে বিবাহ ছাড়াই ইহকালে যীশুর প্রতি বিশ্বাসী বহু নারীকে লাভ করবে, তবে সে অর্থ আরো বেশি অশ্লীল ও বাতিল বলে গণ্য হবে।

এছাড়া যীশুর জন্য পিতা-মাতা পরিত্যাগ করলে দুনিয়াতেই ১০০ জন পিতা বা মাতা পাওয়ার অর্থই বা কী? আর শতগুণ পিতামাতা পাওয়ার লোভে নিজের পিতামাতা পরিত্যাগ করার বিষয়টাই বা কেমন মানবিক?

### ফুটনোট

[1] বাংলায় এখানে ‘স্ত্রী’ কথাটা নেই। ইংরেজিতে (KSV) বিদ্যমান: “no man that hath left house, or brethren, or sisters, or father, or mother, or wife, or children, or land...”।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=14192>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন